

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

জেলা কনডেমনেশন কমিটি, কুষ্টিয়া এর সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ এহেতেশাম রেজা
	জেলা প্রশাসক, কুষ্টিয়া।
স্থান	: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুষ্টিয়া।
তারিখ	: ১৮ মার্চ, ২০২৪
সময়	: দুপুর ১২.৫০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা:	পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে ঝাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া জানান, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকোলিং, কুষ্টিয়া দপ্তরের আওতাধীন বটটেল ৩৩/১১ কেতি উপকেন্দ্রে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প ওজোপাডিকোলিং খুলনার আওতায় নতুন কন্ট্রোল বিল্ডিং নির্মাণ করা হয়েছে বিধায় উন্নয়ন মূলক কাজের জন্য পুরাতন কন্ট্রোল বিল্ডিং এবং ওজোপাডিকোলিং কুষ্টিয়া ক্যাম্পাসে অবস্থিত ৪ টি পুরাতন বিল্ডিং (বি-১ টাইপ বিল্ডিং নং-১, বি-১ টাইপ বিল্ডিং নং-২, বি-১ টাইপ বিল্ডিং নং-৩, বি-১ টাইপ বিল্ডিং নং-৪) ও নির্বাহী প্রকৌশলীর বাংলো অপসারণের নিমিত্তে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকোলিং, কুষ্টিয়া ক্যাম্পাসের আওতাধীন বিদ্যমান বি-১ টাইপ বিল্ডিং নং-১, বি-১ টাইপ বিল্ডিং নং-২, বি-১ টাইপ বিল্ডিং নং-৩ ও নির্বাহী প্রকৌশলীর বাংলো দীর্ঘদিনের পুরাতন জরাজীর্ণ, ব্যবহার অযোগ্য ও মেরামত অনুপযোগী হওয়ায় এবং বটটেল ৩৩/১১ কেতি উপকেন্দ্রের পুরাতন ও জরাজীর্ণ কন্ট্রোল বিল্ডিং ব্যবহারের অযোগ্য হওয়ায় তার পরিবর্তে নতুন কন্ট্রোল বিল্ডিং নির্মাণ করা হয়েছে বিধায় উক্ত বিল্ডিং সমূহ অপসারণ করা একান্ত প্রয়োজন মর্মে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকোলিং, কুষ্টিয়া সভাকে অবহিত করেন। তিনি আরো উল্লেখ করেন বটটেল ৩৩/১১ কেতি উপকেন্দ্রের পুরাতন কন্ট্রোল বিল্ডিংটি উপকেন্দ্রের অভ্যন্তরের নিরাপত্তা ও উন্নয়নমূলক কাজের অন্তরায় এবং বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার শক্তিশালীকরণ প্রকল্প ওজোপাডিকোলিং খুলনার ডিপিপিতে উক্ত পুরাতন বিল্ডিংটি Dismantling করার কাজ সিডিউলে অন্তর্ভুক্ত আছে। এছাড়াও পুরাতন কন্ট্রোল বিল্ডিং তেওঁ তার ছলে নতুন কন্ট্রোল বিল্ডিং এ মোগায়োগের জন্য নতুন রাস্তা নির্মাণসহ পুরাতন রাস্তা সম্প্রসারণ করা প্রয়োজন। সভাপতি বলেন, বটটেল ৩৩/১১ কেতি উপকেন্দ্রের পুরাতন ভবন ও ওজোপাডিকোলিং কুষ্টিয়া ক্যাম্পাসের আওতাধীন ৪ টি বিল্ডিং (বি-১ টাইপ বিল্ডিং নং-১, বি-১ টাইপ বিল্ডিং নং-২, বি-১ টাইপ বিল্ডিং নং-৩ ও নির্বাহী প্রকৌশলীর বাংলো) পরিত্যক্ত মোষণা করে অপসারণ করার জন্য ৩ (তিনি) সদস্য বিশিষ্ট টেকনিক্যাল উপকমিটি গঠন করা প্রয়োজন, যারা সরেজমিনে পরিদর্শনপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করবেন।

সভায় বিস্তারিত আলোচনাস্তে নিম্নোক্ত ৩ (তিনি) সদস্য বিশিষ্ট টেকনিক্যাল উপ-কমিটি গঠন করা হলো।

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে স্থান
০১।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া	আহবায়ক
০২।	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া	সদস্য
০৩।	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকোলিং, কুষ্টিয়া	সদস্য সচিব

গঠিত টেকনিক্যাল উপ-কমিটি আগামী ০৭ কর্মদিবসের মধ্যে সরেজমিন পরিদর্শন পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করবেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


 (মোঃ এহেতেশাম রেজা)

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা কনডেমনেশন কমিটি

কুষ্টিয়া।

স্মারক নং-০০.৮৮.৫০০০.০০১.০৬.০০১.২৪- ২৯১/১

তারিখ :- ১৮ মার্চ ২০২৪

অনুলিপি ৪ (সদয় জ্ঞাতার্থে)

- ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া।
- ২। নির্বাহী প্রকৌশলী, ছানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১/২, ওজোপাডিকোলিঃ, কুষ্টিয়া।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ৪। প্রেছামার, আইসিটি অধিদপ্তর, কুষ্টিয়া। (কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অফিস কপি।


জেলা প্রশাসক
কুষ্টিয়া।